গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd.com

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০৫.২০২৫.১৬৭৯ তারিখ: ০৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ১৮ আগষ্ট ২০২৬ খ্রি.

অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ৩০ জুলাই ২০২৬ খ্রি. ৩৭.০০.০০০০.০৭১.০১২.০২১.২৫.২৫০ সংখ্যক স্মারকে শেখ রেজাউল করিম (২০১৬৭০১৫১৫), সহকারী প্রধান শিক্ষক (চলতি দায়িত্ব) পদে গত ০১.০৮.২০২৬ খ্রি. তারিখে চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা-এ যোগদান করেন। উক্ত প্রতিষ্ঠানে প্রধান শিক্ষক কর্মরত না থাকায় তিনি ০২/০৮/২০২৬ খ্রি. তারিখ প্রধান শিক্ষকের দায়িত্বভার গ্রহণ করেন। সে প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সাময়িকভাবে দায়িত্বগ্রহণের তারিখ হতে তাঁকে প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) দায়িত্বসহ আর্থিক লেনদেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের ও অন্যান্য শিক্ষক-কর্মচারীদের আয়ন ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

(ক) এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।

(খ) ট্রেজারি ও সাব-ট্রেজারি আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাঁকে আনুষঙ্গিক ভাতা, সম্মানী ইত্যাদি বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।

(গ) দায়িত্বে থাকাকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোতভাবে দায়ী থাকবেন। তাঁকে প্রযোজ্য বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্টারে সংরক্ষণ করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৮/০৮/২০২৬
(এস এম মোসলেম উদ্দিন)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
ও
সহকারী পরিচালক (মাধ্যমিক-১ অ:দ্রা:)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০৫.২০২৫.১৬৭৯(০৮) তারিখ: ০৩ ভাদ্র ১৪৩৩বঙ্গাব্দ. / ১৮ আগষ্ট ২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা ;
০২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা বিভাগ, খুলনা।
০৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
০৪। সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
০৫। জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ............।
০৬। প্রধান শিক্ষক, ......................................।
০৭। জনাব.......................................।
০৮। সংরক্ষণ নথি।

১৮/০৮/২০২৬
(এস এম মোসলেম উদ্দিন)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
ও
সহকারী পরিচালক (মাধ্যমিক-১ অ:দ্রা:)

s h a /financial power